T BENGAL STATE COUNCIL OF VOCATIONAL EDUCATION & TRAINING

Higher Secondary (Vocational) Examination, 2010

CLASS – XII

(For Regular & Casual Candidates)

BENGALI

Time Allowed: 3 Hours | Full Marks: 100

পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। ডানদিকে প্রশ্নের পূর্ণমান দেওয়া আছে।

১. কমবেশি ৬টি বাক্যে নীচের যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'এই স্ত্রীলোকটির প্রকৃতির মধ্যে বহুল পরিমাণে পৌরুষের অংশ থাকাতে তাঁহার যথার্থ সঙ্গী কেহ ছিল না'। — 'এই স্ত্রীলোকটি কে? তার সম্বন্ধে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১+২=৩

(খ) 'রাজু পাঁড়ে যে চিকিৎসক তাহা জানিতাম না।' — লেখক কে? কোন্ রচনা থেকে উদ্ধৃতি? রাজু পাঁড়ে চিকিৎসক কিভাবে বোঝা গেল? ১+১+১=৩

(গ) 'শব্দ লক্ষ্য করিয়া প্রফুল্ল এ কুঠরি মধ্যে প্রবেশ করিল।' — কে, কিসের শব্দ লক্ষ্য করে কোন্ কুঠরির মধ্যে প্রবেশ করল? সেখানে প্রবেশ করে সে কি দেখতে পেল? ২+১=৩

(ঘ) ইহা পদার্থবিদ্যা সংক্রান্ত যাবতীয় যন্ত্র অপেক্ষা অধিক উপকারক। ইহা কি? ইহা পদার্থবিদ্যা সংক্রান্ত যাবতীয় যন্ত্র অপেক্ষা অধিক উপকারক কেন? ১+২=৩

(ঙ) 'কিন্তু এ প্রবঞ্চনার অবসান করতেই হবে? — 'প্রবঞ্চনা' কাদের উপর? প্রবঞ্চনার স্বরূপ আলোচনা করো। ১+২=৩

২. কমবেশি ১৮টি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৯×১=৯

(ক) 'ভবিষ্য ভারত' প্রবন্ধের লেখক কে? লেখক ভবিষ্যৎ ভারতের যে স্বপ্ন দেখেছেন তা নিজের ভাষায় আলোচনা কর। ১+৮=৯

(খ) এক ধরনের মানুষ আছে, নিজের সম্বন্ধে বলিতে জানে না, কিন্তু তাহাদের মুখের ভাব দেখিলেই মনে হয়, সত্যই বড়ো দুঃখী।
— কোন্ লেখকের কোন রচনার অংশ এটি?
— উক্তিটিতে কার সম্বন্ধে বলা হয়েছে?
— যার সম্বন্ধে বলা হয়েছে তার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ২+১+৬=৯

(গ) জগদীশ্বর লোহা সৃষ্টি করেন, মানুষে কাটারি গড়িয়া লয়।
— কার লেখা কোন্ রচনায় উদ্ধৃতিটি পড়েছ?
— উক্তিটি কার?
— কার সম্বন্ধে বলতে গিয়ে এই উপমা ব্যবহৃত হয়েছে?
— পাঠ্যাংশ অবলম্বনে উপমাটি আলোচনা কর। ২+১+১+৫=৯

(ঘ) 'ইহাই' তাঁহার স্বামী, পুত্র, তাঁহার সংসার।
— 'ইহাই' বলতে কী বোঝানো হয়েছে?
— 'তাঁহার বলতে কার কথা বলা হয়েছে?
— কোন্ প্রসঙ্গে লেখক কথাগুলো বলেছেন?
— 'ইহাই' তাঁহার স্বামী, পুত্র, সংসার' কিভাবে হয়ে উঠেছিল আলোচনা কর। ১+১+২+৫=৯

(ঙ) তিনি পৃথিবীকে পদাঘাত করিয়া উচ্চস্বরে কহিলেন, ইহা এখনও চলিতেছে।'
— কার লেখা কোন্ প্রবন্ধে কথাগুলো পড়েছ?
— তিনি বলতে এখানে কার কথা বলা হয়েছে?
— বক্তব্যটির প্রসঙ্গ আলোচনা কর।
— বক্তা পৃথিবীতে পদাঘাত করে কেন এই কথাগুলো বলেছিলেন মূল পাঠ্যগ্রন্থ অনুসারে আলোচনা করো। ১+১+১+২+৪=৯

৩. প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে নীচের যে কোন একটির ব্যাখ্যা লেখো ঃ ৫×১=৫

(ক) 'ঠিক তাই-ই হবে আমাদের স্বাধীনতার আদর্শ'। ৫

(খ) 'অনেক উপকার এ সময়ে করিতে পার/জয় নন্দদুলাল'। ৫

(গ) 'কী ভয়ানক দারিদ্র্যের মূর্ত্তি কুটিরে কুটিরে'। ৫

(ঘ) 'উপদেবতাগণকে অন্যত্র জীবিকার অন্য উপায় অন্বেষণ করিতে হইয়াছে ? ৫

৪. কমবেশি ৬টি বাক্যে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'আয়রে অমর, আয়রে আমার কাঁচা'। — কবি কাদের 'অমর' বলেছেন? উদ্ধৃতির বক্তব্য নিজের ভাষায় লেখো। ১+২=৩

(খ) 'দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার।' — কোন্ প্রসঙ্গে এই উক্তি? উদ্ধৃতির অর্থ পরিস্ফুট করো। ১+২=৩

(গ) 'কেন খুঁজে ফের দেবতা ঠাকুর মৃত পুঁথি কঙ্কালে' — বক্তা কে? বক্তা কাদের উদ্দেশ্যে এই কথা বলেছেন এবং কেন? ১+২=৩

(ঘ) 'আমি শ্রেষ্ঠ সবচেয়ে বড়ো।'— কে, কিভাবে তার শ্রেষ্ঠত্ব জাহির করতে চায় তা কবিতা অবলম্বনে আলোচনা করো। ১+২=৩

৫. কমবেশি ১৮টি বাক্যের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৯×১=৯

(ক) 'তবু শুনেছি আঠারোর জয়ধ্বনি।'

— উদ্ধৃতিটি কোন্ কবির, কোন্ কবিতার?

— মূল কাব্যগ্রন্থের নাম কি?

— কবি কিভাবে আঠারোর জয়ধ্বনি শুনতে পান লেখো। ২+১+৬=৯

(খ) 'রাস্তা কারও একার নয়' — কবিতাটি পড়ে বিজ্ঞান ও ধর্মের ভূমিকা বিষয়ে তোমার মতামত লেখো। ৯

(গ) 'শিকল-দেবীর ওই যে পূজাবেদি চিরকাল কি রইবে খাড়া'।

— শিকল-দেবীর পূজাবেদি কি?

— চিরকাল খাড়া থাকবে কি না — কবি ভাবছেন কেন?

— উদ্ধৃতির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। ২+২+৫=৯

(ঘ) 'তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে হে বন্ধু, হে প্রিয়তম।

— হে বন্ধু, হে প্রিয়তম বলে কবি কাকে সম্বোধন করেছেন?

— দারুণ দুর্দিনে কবি তাঁকে স্মরণ করতে চেয়েছেন কেন লেখো।

— উদ্ধৃতিটি মূল কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ২+৬+১=৯

৬. প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে যে কোনো একটির ব্যাখ্যা লেখো। ৫×১=৫

(ক) 'এদেশের বুকে আঠারো আসুক নেমে।'

(খ) 'তোমার হৃদয় বিশ্ব-দেউল সকল দেবতার।'

(গ) 'প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ/ভারতের স্নিগ্ধ উপকূলে লুব্ধতার লাল ঝরে।'

(ঘ) 'পোপের ভয়ে দেশান্তরী হয়েছিলেন লিওনার্দো-দ্য-ভিঞ্চি।'

৭. নিচের যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৬=৩০

(ক) উক্তি পরিবর্তন করো ঃ

ভাগিনাকে ডাকিয়া রাজা বলিলেন, 'ভাগিনা এ কী কথা শুনি? ভাগিনা বলিল, মহারাজ 'পাখিটার শিক্ষা পুরা হইয়াছে।' রাজা শুধাইলেন, 'ওকি আর লাফায়!' ভাগিনা বলিল, 'আরে রাম!' 'আর কি ওড়ে।' 'না'। ৫×১=৫

(খ) পৃথিবীর ভাষাবংশকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে এবং কি কি? প্রাচীন ভারতীয় আর্যভাষার সাহিত্যিক নিদর্শন কোন্‌টি? ৪+১=৫

(গ) শব্দার্থ পরিবর্তন বলতে কি বোঝ? শব্দার্থ পরিবর্তনের কারণগুলি সংক্ষেপে লেখ। ৩+২=৫

(ঘ) যে কোন ৫টি প্রবাদ/বাগধারা অবলম্বনে ৫টি আলাদা বাক্য লেখো ঃ ১×৫=৫

অনভ্যাসের ফোঁটা কপাল চড়চড় করে
ছেড়ে দে মা কেঁদে বাঁচি
বেল পাকলে কাকের কি
লাগে টাকা দেবে গৌরী সেন
অগস্ত্যযাত্রা
কান পাতলা
আড়ি পাতা
কলুর বলদ

(ঙ) ব্যাকরণগত যে কোন পাঁচটি অশুদ্ধ শব্দ শুদ্ধ করে লেখো ঃ ১×৫=৫

আমাবস্যা, ব্যাবসা, গিতাঞ্জলি, প্রাঙ্গান, ঋন, যশলাভ, কালীদাস, কল্যানীয়েসু, বন্দাপাধ্যায়।

(চ) নিচের যে কোন পাঁচটি শব্দের মূল অর্থ এবং পরিবর্তিত অর্থ লেখো ঃ ১×৫=৫

কলহ, বাসর, দন্ডবৎ, মার্জনা, জনতা, বর্বর, লাঞ্ছিত, নাগর, যম, অবতার, কপাল।

(ছ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লেখো ঃ ১×৫=৫

রামবাবু শোকানলে নিমজ্জিত হলেন।
সুনন্দার কথা শুনিয়া ভালো লাগল।
ভোজবাড়িতে আকণ্ঠ পর্যন্ত খেয়েছি।
আশৈশব পর্যন্ত আমি ঘটনাটি মনে রেখেছি।
কেবলমাত্র ওরাই বসিবেন।
সবিনয় পূর্বক জানালাম।
খাঁটি গরুর দুধ পান করেছি।

৮. কম বেশি ৩০০ শব্দের মধ্যে যে কোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর ঃ ১০

(ক) মানব জীবনে বনসৃজন ও বন সংরক্ষণের প্রয়োজনীয়তা
(খ) জীবন জীবিকার মানোন্নয়নে বৃত্তিমূলক শিক্ষা
(গ) মাতৃভাষায় বিজ্ঞানচর্চা
(ঘ) চরিত্র গঠনে খেলাধুলা

৯. বাংলায় অনুবাদ করো ঃ ৫

Self help is a great virtue. It leads to success in life. It begets the idea of self respect in a man. A man who does his work himself, can attain fame and honour.

১০. নীচের যে কোন একটি বিষয় নিয়ে সংলাপ রচনা করো ঃ ১০×১=১০

(ক) দেশভ্রমণের উপযোগিতা নিয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ।
(খ) ছাত্র-ছাত্রীর জীবনে দূরদর্শনের প্রভাব নিয়ে শিক্ষক ও ছাত্রের মধ্যে কাল্পনিক সংলাপ।
(গ) ওয়ান-ডে ম্যাচ বনাম টুয়েন্টি-টুয়েন্টি সিরিজ-এর ভালমন্দ নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ।

১১. ভাবার্থ লেখো ঃ যে কোন একটি ৫

(ক) দণ্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে সর্বশ্রেষ্ঠ সে বিচার।

(খ) নিন্দা না থাকিলে পৃথিবীতে জীবনের গৌরব কি থাকিত? একটা ভালো কাজে হাত দিলাম। তাহার নিন্দা কেহ করে না — সে ভালো কাজের দাম কি? একটা ভালো কিছু লিখিলাম তাহার নিন্দুক নাই— ভালো গ্রন্থের পক্ষে এমন মর্মান্তিক অনাদর আর কি হইতে পারে? জীবনকে ধর্মচর্চায় উৎসর্গ করিলাম, যদি কোন মন্দলোক তাহার মধ্যে মন্দ অভিপ্রায় না দেখিল, তবে সাধুতা যে নিতান্ত সহজ হইয়া পড়িলে, মহত্ত্বকে পদে পদে নিন্দার কাঁটা নাড়াইয়া চলিতে হয়। ইহাতে যে হার মানে, বীরের সদ্গতি সে লাভ করে না, পৃথিবীতে নিন্দা দোষীকে সংশোধন করিবার জন্য আছে, তাহা নহে, মহত্ত্বকে গৌরব দেওয়া তাহারই একটা মস্ত কাজ।